# সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

**(পেট্রোবাংলার একটি কোম্পানি)**

**২১৮, এম.এ. বারী, সড়ক, সোনাডাঙ্গা, খুলনা।**

**ওয়েবসাইট: sgcl.org.bd**

**"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"**

## নিয়োগ বিজ্ঞপ্তি

"জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন"

সূত্রনং-২৮.২১.০০০০.১২০.১১.০১.১৯. তারিখ: ২৩/০১/২০২০খ্রিঃ

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এ নিম্ন-বর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

| ক্র:নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১। | সহকারী ব্যবস্থাপক (পার্সোনেল/নিরাপত্তা/ স্টোর/সাধারণ সেবা/প্রকিউরমেন্ট/সমন্বয়) | ৬ | ৯ম গ্রেড ৳ ২২,০০০-৫৩,০৬০/- | প্রথম শ্রেণি/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণি/ সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/সমতুল্য সিজিপিএ অথবা ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ০২। | সহকারী ব্যবস্থাপক (লিগ্যাল) | ১ | ৯ম গ্রেড ৳ ২২,০০০-৫৩,০৬০/- | আইন বিষয়ে প্রথম শ্রেণি/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণি/ সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/সমতুল্য সিজিপিএ অথবা ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ০৩। | সহকারী ব্যবস্থাপক (বাজেট ও ইন্সুরেন্স/ পে-রোল ও বিল/জেনারেল ও স্টোর একাউন্টস/রাজস্ব ও এমআইএস/ নিরীক্ষা/ রাজস্ব) | ৭ | ৯ম গ্রেড ৳ ২২,০০০-৫৩,০৬০/- | বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণি/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর অথবা বাণিজ্যিক বিষয়ে দ্বিতীয় শ্রেণি/ সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/সমতুল্য সিজিপিএ অথবা বাণিজ্যিক বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান)/সিএ অথবা আইসিএমএ (ইন্টারমিডিয়েট)/এমবিএ ডিগ্রী। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ০৪। | সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) | ৪ | ৯ম গ্রেড ৳ ২২,০০০-৫৩,০৬০/- | মেকানিক্যাল বিষয়ে ইউজিসি/ইনস্টিটিউশন অব ইনজিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি)স্বীকৃত বি,এস,সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসমেত মেকানিক্যাল বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| | সহকারী প্রকৌশলী (সিভিল) | ৪ | ৯ম গ্রেড ৳ ২২,০০০-৫৩,০৬০/- | সিভিল বিষয়ে ইউজিসি/ইনস্টিটিউশন অব ইনজিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি)স্বীকৃত বি,এস,সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসমেত সিভিল বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ৩ | ৯ম গ্রেড ৳ ২২,০০০-৫৩,০৬০/- | ইলেকট্রিক্যাল বিষয়ে ইউজিসি/ইনস্টিটিউশন অব ইনজিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি)স্বীকৃত বি,এস,সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসমেত ইলেকট্রিক্যাল বিষয়ে ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| | সহকারী প্রকৌশলী (সিএসই) | ১ | ৯ম গ্রেড ৳ ২২,০০০-৫৩,০৬০/- | সিএসই বিষয়ে ইউজিসি/ইনস্টিটিউশন অব ইনজিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি) স্বীকৃত বি,এস,সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসমেত সিএসই বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ০৫। | সহকারী সমন্বয় কর্মকর্তা (লজিস্টিক/সাধারণ প্রশাসন) | ২ | ১০ম গ্রেড ৳ ১৬,০০০-৩৮,৬৪০/- | স্নাতকোত্তর অথবা ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রশাসনিক ক্ষেত্রে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী। তবে,কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ০৬। | সহকারী হিসাব কর্মকর্তা (পে-রোল ও বিল/জেনারেল ও স্টোর একাউন্টস/ রাজস্ব ও এমআইএস/ সহকারী রাজস্ব কর্মকর্তা) | ৫ | ১০ম গ্রেড ৳ ১৬,০০০-৩৮,৬৪০/- | বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর /৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ বি.কম ডিগ্রী। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ০৭। | উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) | ৩ | ১০ম গ্রেড ৳ ১৬,০০০-৩৮,৬৪০/- | মেকানিক্যাল বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ২ | ১০ম গ্রেড ৳ ১৬,০০০-৩৮,৬৪০/- | সিভিল বিষয়ে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ২ | ১০ম গ্রেড ৳ ১৬,০০০-৩৮,৬৪০/- | ইলেকট্রিক্যাল বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| | উপ-সহকারী প্রকৌশলী (অটোমোবাইল) | ১ | ১০ম গ্রেড ৳ ১৬,০০০-৩৮,৬৪০/- | অটোমোবাইল বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। তবে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |

শর্তাবলী:

১। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি :**

(ক) আগ্রহী প্রার্থীগণ http://sgcl.teletalk.com.bd/ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০২.০২.২০২০.খ্রি. সকাল ১০.০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৩.০২.২০২০ খ্রি. রাত ১২.০০টা। **উক্ত সময়সীমার মধ্যে** User ID **প্রাপ্ত প্রার্থীগণ** Online-**এ আবেদনপত্র** Submit **এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে** SMS **এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।**

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KBও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে যে কোন একটি পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না'।

(চ) 1st SMS : SGCL<Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: SGCLABCDEF Send করতে হবে 16222 নম্বরে
Reply: Applicant's Name, Tk.500 will be charged as applition fee. Your Pin is 12345678. To Pay fee type SGCL<Space> YES <Space> Pin লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

(ছ) 2nd SMS: SGCL<Space> YES <Space> Pin লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: SGCL YES 12345678.
Reply:Congratulations! Applicant's Name, Payment Completed successfully for SGCL. Application for XXXXXXXX, User ID (ABCDEF) and Password: (*********).

(জ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://sgcl.teletalk.com.bd/ অথবা সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেডের এর website: www.sgcl.org.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা-সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঝ) SMS এ প্রেরিত User ID এবং Passsword ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ঞ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং Pin পুনরুদ্ধার করতে পারবেন।
i. User ID জানা থাকলে SGCL<Space>Help<Space>User<Space> User ID and send to 16222
Example : SGCLHELP USER ABCDEF
ii. Pin নম্বর জানা থাকলে SGCL<Space>Help<Space>PIN<Space>Pin No. and send to 16222
Example : NBCHELP PIN ********.

(ট) Online এ আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

২। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ, প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে ও SGCL-এর ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

৩। সাধারন প্রার্থীদের ০২-০২-২০২০ তারিখ পর্যন্ত বয়সসীমা ১৮ হতে ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বর্ণিত তারিখে আবেদনকারী প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদ-এ উল্লেখিত জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদন ফরম সঠিকভাবে পুরণ ও বিজ্ঞাপনে বর্ণিত শর্তাদি প্রতিপালন করা হলে সংশ্লিষ্ট প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য হতে বিধি মোতাবেক মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে। প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে নির্ধারিত আবেদন ফরমে প্রার্থীর উল্লিখিত তথ্য প্রমাণের জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র/সার্টিফিকেট মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণকারী কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং একসেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সকল মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে এবং একসেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

খ) সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট দাখিল করতে হবে;

গ) ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট দাখিল করতে হবে;

ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে)-এর মূল কপি প্রদর্শন এবং সত্যায়িত কপি দাখিল করতে হবে;

ঙ) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে;

চ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র প্রদর্শন এবং এর কপি দাখিল করতে হবে;

ছ) সকল সার্টিফিকেট/রেকর্ডপত্র অবশ্যই সরকারি বা স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে;

জ) অনলাইন (Online)-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) অবশ্যই দাখিল করতে হবে।

৫। আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবী করলে তা গ্রহণযোগ্য হবে না।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে।

৭। মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত সনদই কেবল মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রযোজ্য হবে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধি সংক্রান্ত সনদ প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৮। নিয়োগ প্যানেলের কার্যকারিতার মেয়াদ অনুমোদনের তারিখ হতে সর্বোচ্চ ১২ (বার) মাস পর্যন্ত বহাল থাকবে।

৯। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপুর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। কোন প্রার্থী নিয়োগ প্রাপ্তির পর তার প্রদত্ত কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৪। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ওয়েবসাইট (sgcl.org.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইট (sgcl.teletalk.com.bd)-এ প্রকাশিত হবে বিধায় চাকরি প্রার্থীদের সংশ্লিষ্ট Website Visit করতে হবে।

উপমহাব্যবস্থাপক (এইচআর)
টেলিফোনঃ ০৪১-৭২১৩৩৬